

## চালু হচ্ছে ‘ঢাকা নগর পরিবহন’

- A Monitor Desk Report

Date: 20 December, 2021



আগামী ২৬ ডিসেম্বর থেকে রাজধানীতে কোম্পানিভিত্তিক বাস সার্ভিস চালু হচ্ছে। ঘাটারচর থেকে কাঁচপুর পর্যন্ত রুটে সবুজ রঙের ৫০টি বাস নিয়ে পরীক্ষামূলক এ সার্ভিস চালু হবে।

এজন্য ই-টিকিটিং ব্যবস্থা, বাস স্টপেজ ও বাস বে নির্মাণকাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। এছাড়া আগামীকাল থেকে রাজধানীতে রুট পারমিটবিহীন কোনো বাস চলতে পারবে না। এজন্য অভিযান চালিয়ে আটককৃত বাস মাতুয়াইলে ডাম্পিং করা হবে।

বাস রুট রেশনলাইজেশন সংক্রান্ত কমিটির ২০তম সভা শেষে কমিটির সভাপতি ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস এ তথ্য জানান।

সভায় ঢাকা উত্তরের মেয়র আতিকুল ইসলাম, ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার মো: শফিকুল ইসলাম, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথোরিটি (বিআরটিএ) চেয়ারম্যান নূর মোহাম্মদ মজুমদার, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট করপোরেশনের চেয়ারম্যান মো: তাজুল ইসলাম, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক খন্দকার রাকিবুর রহমান, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতির মহাসচিব খন্দকার এনায়েত উল্লাহ, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক ওসমান আলী, গণপরিবহন বিশেষজ্ঞ ড. এস এম সালেহ উদ্দিনসহ কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন।

ব্যারিস্টার তাপস বলেন, বিআরটিসির ৩০টি দ্বিতল বাস এবং ব্যক্তিমালিকানাধীন আরো ২০টি বাস নিয়ে ‘ঢাকা নগর পরিবহন’ নামে শুরু হচ্ছে বাস রুট রেশনলাইজেশনের পরীক্ষামূলক কার্যক্রম। কেরানীগঞ্জের ঘাটারচর থেকে কাঁচপুর পর্যন্ত প্রায় ২১ কিমি দৈর্ঘ্যের প্রস্তাবিত এ রুটে পর্যায়ক্রমে ১০০টি বাস চালু করা হবে।

সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের উপস্থিত থেকে ঘাটারচর টু কাচপুর রুটের উদ্বোধন করবেন জানিয়ে তিনি বলেন, পরীক্ষামূলক নতুন রুটে কোনো পুরোনো বাস থাকবে না। এ রুটে যে বাসগুলো চলছে, সেগুলোর মধ্যে ২০১৯ সালের ১ জানুয়ারির পর কেনা বাস থাকবে। বাকি বাসগুলো উঠিয়ে নেয়া হবে। এর সাথে নতুন বাস যোগ হবে। সবমিলিয়ে এ রুটে ১০০টি নতুন বাস চলাচল করবে।

তিনি আরো বলেন, রাজধানীতে আগামীকাল থেকে রুট পারমিটবিহীন কোনো বাস চলতে পারবে না। এজন্য কাল থেকে রাস্তায় অভিযান চালানো হবে। রুট পারমিটবিহীন কোনো বাস পাওয়া গেলে তা মাতুয়াইলে ডাম্পিং করা হবে।

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আতিকুল ইসলাম বলেন, ঘাটারচর থেকে কাঁচপুর পর্যন্ত রুটে চলাচলকারী পরিবহনের ড্রাইভার এবং হেলপারের একটি নির্দিষ্ট পোশাক থাকবে। নতুন এ রুটে ৪০টির বেশি যাত্রী ছাউনি করা হচ্ছে। বাস বে হবে ১৬টি। এছাড়া এ রুটের বাসগুলোর রঙ হবে সবুজ। এ রুট চালু হলে রাজধানীর যানজট কমে আসবে বলেও তিনি আশা প্রকাশ করেন।